ভোরের কাগজ

APR 1 7 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ১২ কলাম ... ৩ ...

# রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রকল্প বাতিল, বিভিন্ন মহলে ক্ষোভ

রংপুর থেকে লিয়াকত আলী বাদল ঃ রংপুরে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রকল্পটি অবশেষে বাতিল করা হয়েছে। শিক্ষা সচিবের নির্দেশে বিশ্ববিদ্যালয়ের প্রকল্প কর্মকর্তার অফিসের সমুদয় মালামাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের অধীন নির্বাহী প্রকৌশলী ফ্যাসিলিটিজ বিভাগে নিয়ে আসা হয়েছে। এ ঘটনায় ব্যাপক ক্ষোভ সৃষ্টি হয়েছে। রংপুরের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন বর্তমান সরকারের এ সিদ্ধান্তের প্রতিবাদে দু'বার গণআন্দোলন করার ঘোষণা দিয়েছে।

জানা গেছে, ১৯৯৯ সালের ২৫শে এপ্রিল তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন। সেদিন বিশাল জনসভায় শেখ হাসিনা ঘোষণা করেছিলেন রংপুর অঞ্চলের মানুষের দীর্ঘদিনের দাবি বাস্তবায়িত হলো, অচিরেই কার্যক্রম শুরু করা হবে।

রংপুরসহ দেশের ৬টি জেলায় বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত মোতাবেক রংপুরেও বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয়। রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রকল্প পরিচালক হিসেবে রাজশাহী- বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. খালেকুজ্জামানকে নিয়োগ করা হয়। শহরের মিস্ত্রিপাড়া মহল্লায় একটি বাসা ভাড়া করে প্রকল্পের কার্যক্রম শুরু হয়। ১২ জন কর্মকর্তা-কর্মচারী, বাড়ি, কম্পিউটারসহ প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করা হয়। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয় ভবন নির্মাণের জন্য নকশা প্রস্তুতসহ প্রাক্কলন তৈরির কাজ সম্পন্ন করা হয়। সংসদেও ৬টি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ অনুমোদিত হয়। তৎকালীন রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমেদ বিলে সম্মতি প্রদান

ক্ষোভ ঃ পৃঃ ১১ কঃ ২

ক্ষোভ ঃ রংপুর
(১২ পৃষ্ঠার পর)

করেন। এরপর প্রকল্প পরিচালকদের নিয়োগ দেয়া হয়। কিন্তু তত্ত্বাবধায়ক সরকার ক্ষমতায় আসার পর সব কার্যক্রম স্থগিত করে। বিএনপির নেতৃত্বে চার দল ক্ষমতায় আসার পর শুধু রংপুর ও গোপালগঞ্জ বাদে বাকি ৪টি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত নেয়া হয়।

গত ১৩ই মার্চ শিক্ষা মন্ত্রণালয়ের সচিব একপত্রে রংপুর ও গোপালগঞ্জের বিশ্ববিদ্যালয়ের নিযুক্ত প্রকল্প পরিচালকদের অব্যাহতি দিয়ে সমস্ত মালামাল ফ্যাসিলিটিজ বিভাগকে ১৬ই এপ্রিলের মধ্যে বুঝিয়ে দেয়ার চূড়ান্ত সময়সীমা বেঁধে দেন। তার পরিপ্রেক্ষিতে গতকাল রংপুরের অফিস গুটিয়ে ফেলা হয়েছে।

এদিকে রংপুর সদর- ৩ আসনের সাংসদ জি.এম কাদের রংপুর বিমান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রকল্প বাতিল করার সিদ্ধান্তে ক্ষোভ প্রকাশ করে বলেছেন, এ ব্যাপারে জাপা বৃহত্তর আন্দোলন গড়ে তুলবে। আওয়ামী লীগ, জাসদ, কমিউনিস্ট পার্টি, ১১ দল, সম্মিলিত সাংস্কৃতিক জোটসহ বিভিন্ন সংগঠন এ সিদ্ধান্তকে স্বেরাচারী সিদ্ধান্ত বলে আখ্যায়িত করে অবিলম্বে রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করার দাবি